রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২ এপ্রিল ২০০৭/১৯ চৈত্র ১৪১৩

**এস, আর, ও নং ৩৩-আইন/২০০৭।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৫ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন বিধিমালা, ২০০৭, অতঃপর বিধিমালা বলিয়া উল্লেখিত, এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা ঃ—

উপরোক্ত বিধিমালার—

৩ এর

(ক) বিধি ৩ এর (১) উপ-বিধির "বাংলাদেশ" শব্দটির পর বিদ্যমান "জুডিসিয়াল সার্ভিসের প্রবেশ পদে নিয়োগদানের উদ্দেশ্যে" শব্দগুলি কর্তন হইবে;

(খ) বিধি ৩ এর (২) উপ-বিধির (গ) দফার "অ্যাটর্নি জেনারেল" শব্দগুলির পর বিদ্যমান কোলন (;) এর আগে একটি কমা (,) ও "পদাধিকার বলে" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(গ) বিধি ৩ এর (২) উপ-বিধির (চ) দফার "মন্ত্রণালয়" শব্দের পরিবর্তে "বিভাগ" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) বিধি ৩ এর (২) উপ-বিধির (জ) দফার "একজন" শব্দটি বিলুপ্ত হইবে;



মূল্য ঃ টাকা ২.০০

(ঙ) বিধি ৩ এর (২) উপ-বিধির পর নিম্নবর্ণিত (৩) উপ-বিধি সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(৩) কমিশনের কোন পদে শূন্যতার কারণে উহার কোন কার্যধারার বৈধতা ক্ষুণ্ন হইবে না।"

(চ) বিধি ৬ এর (৩) উপ-বিধির দ্বিতীয় লাইনে "উল্লেখিত" শব্দটির আগে বিদ্যমান "এর" শব্দটির পরিবর্তে "তে" অক্ষর প্রতিস্থাপিত হইবে;

(ছ) বিধি ৯ এর উপান্তটীকার পর বিদ্যমান বিধিটি সম্পূর্ণ কর্তন হইয়া তথায় "বিলুপ্ত" শব্দটি সন্নিবেশিত হইবে;

(জ) বিধি ১০ এর (২) উপ-বিধির প্রথম লাইনের "অধীনকৃত" শব্দটি বিলুপ্ত হইয়া তদস্থলে "অধীনে জারীকৃত আদেশ" শব্দসমূহ প্রতিস্থাপিত ও একটি কমা (,) সন্নিবেশিত হইবে এবং উক্ত লাইনের "বা" শব্দটি বিলুপ্ত হইয়া "ও" অক্ষরটি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আলী আশরাফ খান লোদী**
ভারপ্রাপ্ত সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।